

২৮। আটককৃত পণ্যের ব্যবস্থাপনা।— ধারা ২৭ এর অধীন আটককৃত যাবতীয় পণ্যের সংরক্ষণ, নিষ্পত্তি বা প্রকারান্তরে ব্যবস্থাপনার ক্ষেত্রে Customs Act এর Section 169 এর বিধানবলী, প্রয়োজনীয় পরিবর্তন সাপেক্ষে, প্রযোজ্য হইবে।